



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৮ জুন '২০২৩

### সেভ দ্য চিলড্রেন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীতে বসবাসরত সেবক সেবিকাদেরকে বিগামূল্যে “হেপাটাইটিস বি” সংক্রমণ ক্ষ্যানিং এবং জনসচেতনতা সভা অনুষ্ঠিত

ইউএস সিডিসি এর অর্থায়নে সেভ দ্য চিলড্রেন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যৌথ উদ্যোগে ০২ দিন ব্যাপী ইপিআই ডাটা ম্যানেজমেন্ট শীর্ষক এক কর্মশালা আজ বৃহস্পতিবার সকালে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন সেভ দ্য চিলড্রেন বাংলাদেশের নগর জনস্বাস্থ্য ব্যবস্থা শক্তিশালীকরণ কর্মসূচীর ম্যানেজার ডাঃ ওবায়দুর রহমান, ফ্যাসিলেটর হিসেবে দায়িত্ব পালন করেন সেভ দ্য চিলড্রেন এর পাবলিক হেলথ বিশেষজ্ঞ ডাঃ বুশরা তাবাসুম। উপস্থিত ছিলেন জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন। সভা পরিচালনা করেন ভ্যাকসিনেশন ইনচার্জ মোঃ আবু ছালেহ।

প্রধান অতিথির বক্তব্যে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, “হেপাটাইটিস বি” একটি সংক্রামক ব্যাধি ও ব্যয় বহুল রোগ। একমাত্র জনসচেতনতায় এ রোগ থেকে মুক্তি পাওয়া যায়। সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত সেবক সেবিকাদের মাঝে এই সেবামূলক কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেভ দ্য চিলড্রেন এর আওতায় নগরীর বান্ডেল সেবক কলোনী, ফিরিঙ্গীবাজার সেবক কলোনী এবং মাদারবাড়ী সেবক কলোনীতে বিনামূল্যে হেপাটাইটিস বি ক্ষ্যানিং ও জনসচেতনতা মূলক কাজ পরিচালিত হবে। এই বিষয়ে সেভ দ্য চিলড্রেন সংস্থাকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগ সার্বিক সহযোগিতা করবেন বলে তিনি আশ্বাস দেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮